

জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট

নির্দেশ বিজ্ঞপ্তি নংঃ ৩৩০/১১.

০৪/১১/২০১১ খ্রিস্টাব্দ  
তারিখঃ-----  
৩০/০৩/১১

সকল মহাব্যবস্থাপক  
উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক  
সকল বিভাগীয় কার্যালয়/ প্রিন্সিপাল ব্রাঞ্চ (লোকাল অফিস)/  
সেন্ট্রাল ব্রাঞ্চ (জনতা ভবন কর্পোঃ শাখা)/  
এরিয়া অফিস/ আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা/  
সকল শাখা ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড, ঢাকা, বাংলাদেশ।

বিষয় : জনতা ব্যাংক দ্বিগুন মুনাফা স্কীম (জেবিডিবিএস) এর কতিপয় বিষয় স্পষ্টীকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

গত ০৯.১০.২০১১ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড অব ডিরেক্টরস এর ২০৪তম সভায় জনতা ব্যাংক দ্বিগুন মুনাফা স্কীম (জেবিডিবিএস) নামে একটি সঞ্চয়ী কার্যক্রম প্রবর্তন করার অনুমোদন দেয়া হয় এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য তা সার্কুলার আকারে (সার্কুলার নং ৩২৩/১১ তারিখঃ ২০/১০/২০১১) জারী করা হয়।

এক্ষণে উক্ত সার্কুলারের কয়েকটি অনুচ্ছেদ সম্পর্কে নিম্নোক্ত নির্দেশনা সন্নিবেশ করা হলঃ

১. FDR Receipt এর-

- ক) Rate এর ঘরে কোন % না লিখে "মেয়াদ শেষে সুদাসলে দ্বিগুন" কথাটি লিখতে হবে।  
খ) Receipt এর নিচে "শর্ত প্রযোজ্য" কথাটি লিখতে হবে।

২. সার্কুলারের কয়েকটি অনুচ্ছেদে নিম্নোক্তভাবে সংশোধনী/সংযোজন আনতে হবেঃ

ক) ৫ নং অনুচ্ছেদ

বছর শেষে প্রদেয় সুদ থেকে প্রয়োজনীয় কর্তনান্তে আসলের সঙ্গে হিসাবায়ন করা হবে এবং পরবর্তী বছরে সুদ নিরূপণের ক্ষেত্রে হিসাবায়নকৃত স্থিতিকে মূল ধরে পরবর্তী বছরগুলোর হিসাবায়ন করতে হবে। শাখাসমূহের হিসাবের সুবিধার্থে নিম্নোক্ত ছক অনুসরণ করা যেতে পারেঃ

Year	Principal	Intt	S. Tax	Ex. Duty	Net Intt.	Net Payable
১	১০০০০০	১২৬৩০	১২৬৩	৩৫০	১১০২৭	১১১০১৭
২	১১১০১৭	১৪০২১	১৪০২	৩৫০	১২২৬৯	১২৩২৮৬
৩	১২৩২৮৬	১৫৫৭১	১৫৫৭	৩৫০	১৩৬৬৪	১৩৬৯৫০
৪	১৩৬৯৫০	১৭২৯৭	১৭৩০	৩৫০	১৫২১৭	১৫২১৬৭
৫	১৫২১৬৭	১৯২১৯	১৯২২	৩৫০	১৬৮৪৭	১৬৯১১৪
৬	১৬৯১১৪	২১৩৫৯	২১৩৬	৩৫০	১৮৫৭৩	১৮৭৯৮৭
Total	১০০০৯৭	১০০১০	২১০০	৮৭৯৮৭		

খ) ৮নং অনুচ্ছেদে প্রদত্ত সারণী বাতিল করে নিম্নোক্ত ব্যাখ্যা অনুসরণ করতে হবেঃ

৬ বছর শেষে অনুচ্ছেদ ৫-এর সংশোধনী/সংযোজন অনুযায়ী মূল জমার বিপরীতে হিসাবায়নকৃত অংক পরিশোধ করা হবে।

৩. এই কর্মসূচীর বিপরীতে কম্পিউটার সফটওয়্যার মডিউল সংযোজন না হওয়া পর্যন্ত ম্যানুয়ালি হিসাব খোলার কার্যক্রম চালিয়ে যেতে হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতি, অনুসরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করা হলো।

আপনার বিশ্বস্ত,



(মোঃ আব্দুল মান্নান)  
উপ-মহাব্যবস্থাপক



(মোঃ সিরাজুল ইসলাম)  
মহাব্যবস্থাপক

অনুলিপিঃ-

- ১। কোম্পানী সেক্রেটারী, বোর্ড সেক্রেটারিয়েট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পি এ স টু সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক/উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। পি এ টু সকল মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/জনতা ভবন কর্পোঃ শাখা এবং বিভাগীয় কার্যালয়, ঢাকা-উত্তর, ঢাকা-দক্ষিণ, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, সিলেট, রংপুর ও বরিশাল।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। চীফ এক্সিকিউটিভ, জনতা ব্যাংক লিমিটেড, সংযুক্ত আরব আমিরাত।
- ৬। নথি।